

একই সূত্র ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

দপ্তর ও সংস্থার প্রশাসন অনুবিভাগ।

সংস্থাপন শাখা

[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নম্বর: ৪৯.০০.০০০০.০৫০.১৯.০২৮.২০-৩৪৯

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯  
০৮ নভেম্বর ২০২২

বিষয়: জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারী বদলি/পদায়ন নীতিমালা, ২০১৯ (সংশোধিত) এর আংশিক সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ০২/০২/২০২১ তারিখের ৮১ সংখ্যক স্মারকে জারীকৃত জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারী বদলি/পদায়ন নীতিমালা, ২০১৯ (সংশোধিত) এর ৩.০. নম্বর অনুচ্ছেদের ৩.১., ৩.২. ও ৩.৩ নিম্নবর্ণিতরূপে সংশোধন করা হলো:

৩.০. বদলি/পদায়নের কর্তৃপক্ষ:

৩.১. ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের বদলি/পদায়ন আদেশ এবং নিম্নতর গ্রেডের কর্মকর্তাদের ৯ম গ্রেডের বা উচ্চতর পদে দায়িত্ব প্রদানের (আয়ন-ব্যয়নের দায়িত্বসহ) আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারি করা হবে;

৩.২. ১০ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের সংযুক্তিতে পদায়ন/আয়ন-ব্যয়ন সংক্রান্ত সকল আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারি করা হবে। তবে ১০ম গ্রেডের নিম্নের সকল কর্মকর্তা/কর্মচারীর সংযুক্তিতে পদায়নের আদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) জারি করবে;

৩.৩. ১০ম গ্রেড এবং এর নিম্নের সকল কর্মকর্তা/কর্মচারীর বদলি/পদায়ন আদেশ মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) জারি করবে। বিশেষ ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় ১০ম গ্রেড এবং এর নিম্নের সকল কর্মকর্তা/কর্মচারীদের বদলি/সংযুক্তি-তে পদায়ন আদেশ জারির ক্ষমতা প্রয়োগ করবে;

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। মন্ত্রণালয়ের ০২/০২/২০২১ তারিখের ৮১ সংখ্যক স্মারকে জারীকৃত আদেশের অন্যান্য অংশসমূহ অপরিবর্তিত থাকবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
২৩.১১.২০২২

একেএম শরীফুল আলম সিদ্দিকী  
উপসচিব

ফোন: ০২-৪১০৩০২৫৩

ই-মেইল: [dsorg@probashi.gov.bd](mailto:dsorg@probashi.gov.bd)

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২ কাকরাইল, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৫। অফিস কপি।